"থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধপথে প্রবাসী আয় গড়ব বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন ও অর্থ শাখা
www.bmet.gov.bd

স্মারক নং- ৪৯.০১.০০০০.০০২.১১.০০১.২২.    তারিখ:

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং এর আওতাধীন দপ্তরসমূহের রাজস্বখাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১৩-২০তম গ্রেডের নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bmet.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদনাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)<br>বেতন স্কেল : ১১০০০-২৬৫৯০ | ৮৫ (পঁচাশি) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | রাঙ্গামাটি জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)<br>বেতন স্কেল : ১১০০০-২৬৫৯০ | ০৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণে (Transcribe) প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ, ইংরেজিতে ৮০ শব্দের গতি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | রাঙ্গামাটি জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)<br>বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০ | ২৩ (তেইশ) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণে (Transcribe) প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ, ইংরেজিতে ৭০ শব্দের গতি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | রাঙ্গামাটি জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | ইউডিএ/উচ্চমান সহকারী<br>(গ্রেড-১৫)<br>বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০ | ০৮ (আট) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | রাঙ্গামাটি জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০ | ৫৮ (আটান্ন) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | রাঙ্গামাটি জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>(গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০ | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | রাঙ্গামাটি জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০ | ১২৪ (একশত চব্বিশ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | রাজবাড়ী, টাঙ্গাইল, জামালপুর, বান্দরবান, খাগড়াছড়ি, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, পঞ্চগড়, ঝিনাইদহ, নড়াইল, ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**<u>আবেদনকারীদের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী:</u>**

১। ৩১ মে ২০২৩ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫ মার্চ ২০২০ তারিখ সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। এছাড়া এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। বর্ণিত ছকের ২-৫ নম্বর ক্রমিকের পদের জন্য বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১ নং এবং ৬ নং ক্রমিকের শূন্যপদ পূরণে **'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯** এবং ছকের ২ নং, ৩ নং, ৪ নং, ৫নং এবং ৭ নং ক্রমিকের শূন্যপদ পূরণে **'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯** অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ থেকে ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ৭ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৫। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

৬। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে :**

ক) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র কন্যা (নাতি-নাতনি) হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত দুই কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রাথীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

খ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর ২টি সত্যায়িত কপি। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের উপযুক্ত পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ (নাতি-নাতনি) মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

গ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রাথীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড)।

ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঙ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

চ) কোন প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক/সাক্ষাৎকার পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

৭। **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গড়মিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮। যদি (ক) কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডোমিসাইল না হন; (খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১০। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি-মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

১২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধিমোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোনো পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

ক) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১১ মে ২০২৩ তারিখ সকাল ১০:০০ টা।

খ) Online এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ৩১ মে ২০২৩ তারিখ বিকাল ৫:০০ টা।

গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ কর্তৃক Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে হবে।

ঘ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গীন ছবি (৩০০×৩০০ Pixel) ও স্বাক্ষর (৩০০×৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

চ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি সহায়ক ডকুমেন্ট হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ছ) **SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Aplicant`s copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় ( ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী

অবশ্যই উক্ত Aplicant`s copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Aplicant`s copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি এসএমএস করে আবেদন ফি বাবদ ১-৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা এবং ৭ নং ক্রমিকের জন্য ১০০/-(একশত) টাকা ও Teletalk এর **সার্ভিস চার্জ বাবদ ১-৬ নং ক্রমিকের জন্য ২৩/-(তেইশ) টাকা এবং ৭ নং ক্রমিকের জন্য ১২/-(বার) টাকাসহ** যথাক্রমে ২২৩/- ও ১১২/- টাকা ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS : BMET < Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।**
Example : **BMET & send to 16222**

Reply Applicant`s Name, TK.223/-/ TK.112/- will be charged as application fee. Your PIN is 12345678. To Pay Fee Type **BMET Yes PIN and send to 16222.**

**দ্বিতীয় SMS : BMET < Space> Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।**
Example : **BMET Yes12345678 & send to 16222**

Reply : Congratulations Applicant`s Name, Payment completed successfully for BMET, Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bmet.teletalk.com.bd. ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঞ) শুধুমাত্র Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

**i. User ID জানা থাকলে** :
**BMET < Space> Help<Space> User< Space> User ID & send to 16222**
Example : **BMET Help User ABCDEF send to 16222**

**ii. User ID না জানা থাকলে :**
**BMET < Space> Help<Space> PIN< Space> PIN & send to 16222**
Example : **BMET Help Pin 12345678 & send to 16222**

ট) নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিএমইটি'র ওয়েবসাইটে (www.bmet.gov.bd) পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (http://bmet.teletalk.com.bd.) ওয়েবসাইট হতে জানা যাবে।

ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা (info@bmet.com.bd.) ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name : BMET, Post Name :-------------------, Aplicant`s User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ড) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না

১৪। অনলাইনে পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১৫। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরী থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকলে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৬। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ Substantive ত্রুটি থাকালে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। Substantive ত্রুটির কারণে প্রার্থীতা বাতিল হবে ।

১৭। আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনে স্থায়ী ঠিকানায় উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

১৮। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী বিএমইটি'র ওয়েবসাইটে (www.bmet.gov.bd) প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

**১৯। ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পরলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**(এ এইচ এম আনোয়ার পাশা)**
যুগ্মসচিব
অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান)
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা
ও
আহবায়ক
বিভাগীয় নির্বাচন কমিটি।